

108

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়  
শিক্ষক সমিতি  
দ্বিখণ্ডিত**

(চট্টগ্রাম অফিস)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি দ্বি-খণ্ডিত রূপ নিয়েছে। সমিতির বর্তমান নেতৃত্বের বিরোধী গ্রুপ শিক্ষক সমিতির একই নামে পাল্টা কমিটির নাম ঘোষণা করিয়েছে। ইতিপূর্বে গত ২৬শে সেপ্টেম্বর শিক্ষক সমিতির পূর্ব নির্ধারিত নির্বাচন স্থগিত ঘোষণার পর বর্তমান শিক্ষক সমিতির নেতৃত্বের বিরোধী গ্রুপ ২৫শে সেপ্টেম্বর এক তলবী সাধারণ সভা অনুষ্ঠানের মাধ্যমে নতুন নির্বাচন কমিশন গঠন এবং নির্বাচনী তফসিল ঘোষণা করে। গতকাল (সোমবার) সেই নির্বাচন তফসিল অনুযায়ী মনোনয়ন পত্র বাছাইয়ে বিকল্প প্যানেল না থাকায় মিসেস হামিদা বানু ও ডঃ ইফতেখারউদ্দিন চৌধুরীকে যথাক্রমে সভাপতি সাধারণ সম্পাদক করিয়া বিনাপ্রতিদ্বন্দিতায় সমিতির কার্যনির্বাহি পরিষদ ঘোষণা করা হয়। অপরদিকে শিক্ষক সমিতির বর্তমান নেতৃত্বের উদ্যোগে গত শনিবার এক জরুরী সাধারণ সভায় তলবীসভা অনুষ্ঠান ও নির্বাচন কমিশন গঠনকে বে-আইনী ও গঠনতন্ত্র বিরোধী পদক্ষেপ বলিয়া ক্ষোভ প্রকাশ করা হয়। এই সাধারণ সভায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক শিক্ষক সমিতি সদস্যদের চাঁদা সমিতি কর্মকর্তাদের নিকট প্রদান না করার অর্থ সংকটের কারণে এবং বিশ্ববিদ্যালয়ের বিরাজমান অস্বাভাবিক পরিস্থিতির জন্য নির্বাচন স্থগিত করার সিদ্ধান্তটি সঠিক বলিয়া মত প্রকাশ করা হয়। সমিতির বর্তমান সভাপতি ও সাধারণ সম্পাদক হইতেছেন যথাক্রমে ইউসুফ শরীফ আহমদ খান ও ডঃ আবুল কালাম আজাদ।